আলমডাঙ্গায় জামায়াতে ইসলামের উদ্যোগে ফ্রি মেডিকেল ক্যাম্প

আলমডাঙ্গায় জামায়াতে ইসলামের উদ্যোগে দিনব্যাপী ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল ৯টার দিকে আলমডাঙ্গা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বাংলাদেশ জামায়াতে ইসলামী আলমডাঙ্গা পৌর শাখার সমাজকল্যাণ বিভাগ, আদ্-দ্বীন ফাউন্ডেশনের উদ্যোগে এবং ইবনে সিনা ফার্মাসিউটিক্যালের সহযোগিতায় মেডিকেল ক্যাম্পটির উদ্বোধন করেন চুয়াডাঙ্গার সিভিল সার্জন ডা. হাদী জিয়া উদ্দিন আহমেদ।

এছাড়াও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনে জামায়াত মনোনীত এমপি প্রার্থী অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব শেখ মেহেদী ইসলাম, আলমডাঙ্গা বণিক সমিতির সাধারণ সম্পাদক খন্দকার আব্দুল্লাহ আল মামুন, উপজেলা জামায়াতের আমীর শফিউল আলম বকুল, সেক্রেটারি মামুন রেজা, জে-আ সাংগঠনিক থানা শাখার আমীর আব্বাস উদ্দিন, আলমডাঙ্গা পৌর সেক্রেটারি মাওলানা মোসলেম উদ্দিন, পৌর নায়েবে আমীর মাওলানা জুলফিকার আলী, মাওলানা আব্দুল কাদের, সহকারী সেক্রেটারি সাইফুল্লাহ হাসানসহ পৌর ও ওয়ার্ড জামায়াত নেতৃবৃন্দ।

ফাউন্ডেশনের পরিচালক ও পৌর জামায়াতের আমীর মোঃ মাহের আলীর তত্ত্বাবধানে বিশেষজ্ঞ চিকিৎসক হিসেবে চিকিৎসা প্রদান করেন শিশু রোগ বিশেষজ্ঞ ও চুয়াডাঙ্গা সদর হাসপাতালের কনসালট্যান্ট ডা. মাহবুবুর রহমান (মিলন), শিশু রোগ বিষয়ে অভিজ্ঞ চিকিৎসক ও সাবেক উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা. আলহাজ্ব লিয়াকত আলী, নাক, কান ও গলা রোগ বিশেষজ্ঞ ও চুয়াডাঙ্গা সদর হাসপাতালের কনসালট্যান্ট ডা. এএসএম নাজিমুজ্জামান মিলন, স্ত্রী রোগ বিশেষজ্ঞ ডা. নুসরাত নওরিন নাহার (সেতু), মেডিসিন ও হৃদরোগ বিশেষজ্ঞ ডা. মোঃ আল-আমিন এবং ডা. মোঃ সাজিদ হাসান।

মেডিকেল ক্যাম্প থেকে পাঁচ শতাধিক মানুষকে চিকিৎসাসেবা ও ওষুধ প্রদান করা হয়।

সাংবাদিক আইয়ুবের ওপর হামলার প্রতিবাদে দর্শনায় মানববন্ধন

নরসিংদীতে সংবাদ সংগ্রহের সময় যমুনা টিভির সাংবাদিক আইয়ুব খানের ওপর সন্ত্রাসী হামলার ঘটনার প্রতিবাদে দোষীদের গ্রেপ্তার ও দ্রুত বিচারের দাবিতে চুয়াডাঙ্গার দর্শনা প্রেসক্লাবের উদ্যোগে মানববন্ধন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২০ সেপ্টেম্বর) দুপুর ১২টার দিকে দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির যৌথ আয়োজনে প্রেসক্লাবের সামনে এ মানববন্ধন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুলের সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি মোঃ আতিয়ার রহমান, দর্শনা সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন, সাংবাদিক হাসমত আলী, আবিদ হাসান রিফাত, মিঠুন মাহমুদ, রিপন হোসেন, তুহিনুজ্জামান, আঃ রহমান, ইমতিয়াজ রয়েল, ফরহাদ হোসেন প্রমুখ।

মানববন্ধনে বক্তারা বলেন, সাংবাদিকরা সত্য ও ন্যায়ের পক্ষে কাজ করেন। আর সেই সত্য প্রকাশ করলেই তাদের ওপর বর্বর হামলা চালানো হয়। এটি অত্যন্ত দুঃখজনক ও নিন্দনীয়। দোষীদের আইনের আওতায় এনে দ্রুত বিচারের দাবি জানাচ্ছি।

অনুষ্ঠানটি সার্বিকভাবে পরিচালনা ও সঞ্চালনা করেন দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন।

জীবননগরে দুই ভাইকে কুপিয়ে হত্যা, আহত আরেক ভাই

চুয়াডাঙ্গার জীবননগরে প্রকাশ্যে কুপিয়ে ও পিটিয়ে দুই ভাইকে হত্যা করেছে দুর্বৃত্তরা। এ ঘটনায় আরেক ভাই গুরুতর আহত হয়েছেন।
শনিবার (২০ সেপ্টেম্বর) সকাল ১০টার দিকে উপজেলার উথুলী ইউনিয়নের মিথে মাঠ এলাকায় এ ঘটনা ঘটে।

নিহতরা হলেন, উথুলি গ্রামের মাঝেরপাড়ার মৃত খোদা বক্স মণ্ডলের দুই ছেলে আনোয়ার (৫৫) ও হামজা (৪৫)।

স্থানীয়রা জানান, শনিবার সকালে আনোয়ার ও হামজা উথুলি ব্রিজ মাঠে কাজ করতে গেলে ৮-১০ জন লাঠি ও দেশীয় অস্ত্র নিয়ে তাদের ওপর হামলা চালায়। দুর্বৃত্তরা কুপিয়ে ও পিটিয়ে গুরুতর জখম করে পালিয়ে যায়।

স্থানীয়রা রক্তাক্ত অবস্থায় তাদের উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসাধীন অবস্থায় প্রথমে হামজা এবং পরে আনোয়ার মারা যান।

একটি সূত্র জানায়, প্রায় চার মাস আগে গরু কেনাবেচা নিয়ে বিরোধের জের ধরে এ হামলার ঘটনা ঘটেছে। নিহতরা গরু বিক্রেতা এবং হামলাকারীরা গরু ক্রেতা বলে জানা গেছে। তবে হামলাকারীদের পরিচয় এখনও নিশ্চিত হওয়া যায়নি। এ ঘটনায় উথুলি এলাকায় থমথমে পরিস্থিতি বিরাজ করছে।

সদর হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক ডা. ওয়াহিদ মাহমুদ রবিন বলেন, দুজনকে কুপিয়ে ও পিটিয়ে আঘাত করা হয়েছে। হাসপাতালে আনার আগেই একজন মারা যান, আরেকজন চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন।

জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মামুন হোসেন বিশ্বাস বলেন, প্রতিবেশীদের সঙ্গে গরু কেনাবেচা নিয়ে পূর্ব থেকে বিরোধ চলছিল। আজ মাঠের মধ্যে কুপিয়ে ও পিটিয়ে হত্যার খবর পেয়েছি। মরদেহ হাসপাতালে আছে, ঘটনাস্থলে পুলিশের টিম পাঠানো হয়েছে।

অনৈতিক সম্পর্কের অভিযোগ, মসজিদ কমিটি থেকে অব্যাহতি

আলমডাঙ্গায় প্রবাসীর স্ত্রীর সঙ্গে এক শিক্ষকের অনৈতিক সম্পর্কের অভিযোগ উঠেছে। সালিশ বৈঠকে হাতাহাতির পর মোটা অঙ্কের টাকা লেনদেনের ঘটনায় মসজিদ কমিটির সভাপতি পদ থেকে তাকে অব্যাহতি দেওয়া হয়েছে বলে জানা গেছে।

আলমডাঙ্গা উপজেলার জামজামি গার্লস স্কুলের এক শিক্ষক এবং স্থানীয় কাজী জহুরুল ইসলামের বিরুদ্ধে প্রবাসীর স্ত্রীর সঙ্গে অনৈতিক সম্পর্কের অভিযোগ ওঠে। গত বুধবার দুপুরে ঘটনাটি ঘটে বলে জানা গেছে।

ঘটনার জেরে শুক্রবার বিকেলে স্থানীয়ভাবে একটি সালিশ বৈঠক বসে। বৈঠকে এলাকাবাসীর উপস্থিতিতে বিষয়টি নিয়ে আলোচনা চলাকালে দুই পক্ষের মধ্যে উত্তেজনা সৃষ্টি হয়। এক পর্যায়ে কথাকাটাকাটি থেকে হাতাহাতির ঘটনাও ঘটে। এতে এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়।

স্থানীয়রা জানান, অভিযুক্তদের আচরণে গ্রামজুড়ে ক্ষোভ ছড়িয়ে পড়ে। প্রবাসীর স্ত্রীকে জড়িয়ে অনৈতিক সম্পর্কের অভিযোগ দ্রুত এলাকায় ছড়িয়ে পড়ে এবং সামাজিকভাবে ব্যাপক সমালোচনা শুরু হয়। গ্রামবাসীর দাবি, ওই শিক্ষকের অনৈতিক কর্মকাণ্ডের কারণে মসজিদ কমিটির সভাপতি পদ থেকেও তাকে অব্যাহতি দেওয়া হয়েছে।

এদিকে, সালিশ বৈঠকে শালিসদাররা বিষয়টি মীমাংসার চেষ্টা করলেও কোনো সুরাহা হয়নি বলে জানা গেছে। এ নিয়ে গ্রামের পরিবেশ এখনো উত্তপ্ত।

পুলিশ প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়, লিখিত অভিযোগ পেলে তদন্ত করে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। অন্যদিকে, বিষয়টি ধামাচাপা দিতে কিছু আর্থিক লেনদেন করেছেন বলে ওই শিক্ষক স্বীকার করেছেন।

এ বিষয়ে অভিযুক্ত শিক্ষক জহুরুল ইসলামের সঙ্গে মুঠোফোনে যোগাযোগ করা হলে তিনি বলেন, ঘটনাটি সঠিক নয়। স্থানীয়রা চক্রান্ত করে আমার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ তুলে অপপ্রচার চালাচ্ছে।

আলমডাঙ্গা উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জিয়াউল হক জানান, এখনও কোনো অভিযোগ পাইনি। তবে ঘটনাটি সম্পর্কে তদন্ত করা হবে। তিনি দায়ী প্রমাণিত হলে ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে আলোচনা করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

সাংবাদিক আইয়ুবের ওপর হামলার প্রতিবাদে দর্শনা প্রেসক্লাবে প্রতিবাদ সভা

দর্শনা প্রেসক্লাবের উদ্যোগে নরসিংদীর যমুনা টিভির স্টাফ রিপোর্টার আইয়ুব খান সরকারের ওপর হামলার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সন্ধ্যা ৭টায় দর্শনা প্রেসক্লাব ভবনে এ প্রতিবাদ সভা হয়।

সভায় সভাপতিত্ব করেন দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুল। বক্তব্য রাখেন দর্শনা সাংবাদিক সমিতির সভাপতি মোঃ আওয়াল হোসেন, সহ-সভাপতি কামরুজ্জামান যুদ্ধ, দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, সাবেক সভাপতি মোঃ জাহিদুল ইসলাম, প্রচার সম্পাদক ইমতিয়াজ আহমেদ রয়েল প্রমুখ।

জানা গেছে, বৃহস্পতিবার নরসিংদীর যমুনা টিভির স্টাফ রিপোর্টার আইয়ুব খান সরকার বিএনপি-র দুই গ্রুপের সংঘর্ষের ঘটনায় সকাল থেকে নরসিংদী সদর হাসপাতালে সংবাদ সংগ্রহের জন্য অবস্থান করছিলেন। সকাল সাড়ে ১০টার দিকে আলোকবালি ইউনিয়ন বিএনপির বহিষ্কৃত সাধারণ সম্পাদক কাইউয়ুমের সমর্থকরা লাঠিসোটা দিয়ে তাকে উপর্যুপরি আঘাত করলে মাথা ফেটে গুরুতর আহত হন তিনি।

এ ঘটনার পর শুক্রবার রাত ৭টায় দর্শনা প্রেসক্লাবে জরুরি প্রতিবাদ সভা হয়। সভায় সিদ্ধান্ত হয়, আগামীকাল শনিবার বেলা ১১টায় দর্শনা প্রেসক্লাবের সামনে এ ঘটনার প্রতিবাদ ও মানববন্ধন অনুষ্ঠিত হবে।

প্রতিবাদ সভায় আরও বক্তব্য রাখেন সাংবাদিক সমিতির সভাপতি মোঃ আওয়াল হোসেন, সাবেক সভাপতি মোঃ জাহিদুল ইসলাম, সহ-সভাপতি কামরুজ্জামান যুদ্ধ, ইমতিয়াজ রয়েল প্রমুখ। উপস্থিত ছিলেন মাহমুদ হাসান রনি, আব্দুল হান্নান, রিফাত রহমান, শ্রী শুকমল বাধন, ওয়াসিম রয়েল, রাজিব আহমেদ, সাব্বির আলিম প্রমুখ। সভা পরিচালনা করেন দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন।

দর্শনায় উপদেষ্টামণ্ডলী ও কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠান

দর্শনা “পুরাতন বাজার সমাজ কল্যাণ সংঘ” এর উদ্যোগে উপদেষ্টামণ্ডলী ও কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেল ৫টায় দর্শনা পুরাতন বাজার হাজী লাল মোহাম্মদের বাড়ির সামনে আয়োজিত এ অনুষ্ঠানের সভাপতিত্ব করেন পুরাতন বাজার সমাজ কল্যাণ সংঘের সাধারণ সম্পাদক উত্তম রঞ্জন দেবনাথ।

প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি এনামুল হক শাহ মুকুল।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সহ-সভাপতি রমিজ উদ্দিন মল্লিক, মোঃ আরিফুল্লাহ তরফদার, সাংগঠনিক সম্পাদক অপু সুলতান, প্রচার ও প্রকাশনা সম্পাদক মাহমুদ হাসান রনি, সদস্য রাসেদ মল্লিক, জহির উদ্দিন স্বপন, উপদেষ্টা পরিষদের সদস্য সোহেল মনিরুজ্জামান মনি এবং অ্যাডভোকেট সিরাজুল ইসলাম সিরাজ প্রমুখ।

পরে উপদেষ্টা কমিটির সদস্যদের ফুলেল শুভেচ্ছা জানানো হয় এবং মহল্লার এসএসসি ও ৫ম শ্রেণি পাশ করা শিক্ষার্থীদের মধ্যে ক্রেস্ট প্রদান করা হয়।

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় তরুণ রাকিবের মৃত্যু

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় রাকিব হোসেন
(১৮) নামে এক তরুণের মৃত্যু হয়েছে।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার গাংনি গ্রামের মো. হাসান উদ্দিনের ছোট ছেলে রাকিব হোসেন গাংনি থেকে চুয়াডাঙ্গার দিকে যাচ্ছিলেন।

গতকাল শুক্রবার বেলা দেড়টার দিকে গাংনি পুলিশ তদন্ত কেন্দ্রের কাছে তার মোটরসাইকেলের সঙ্গে চুয়াডাঙ্গা থেকে দ্রুতগামী একটি যাত্রীবাহী বাসের সংঘর্ষ হয়।

স্থানীয় লোকজন রাকিবকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে স্থানান্তরের পরামর্শ দেন। তবে হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়।

আলমডাঙ্গায় যৌথবাহিনীর অভিযানে মাদকদ্রব্যসহ গ্রেফতার-৫

আলমডাঙ্গায় ২০১ বোতল বাংলা মদ সহ ৫ জনকে গ্রেফতার করেছে যৌথ বাহিনী। গতকাল বৃহস্পতিবার রাতে উপজেলার জেহালা ইউনিয়নের খুদিয়াখালী স্কুল পাড়ার আলোচিত মাদক কারবারী আরতী দাসের বাড়িতে সেনাবাহিনী ও মুন্সিগঞ্জ ফাঁড়ি পুলিশ এ অভিযান পরিচালনা করেন।

গ্রেফতারকৃতরা হলেন, উপজেলার খুদিয়াখালি গ্রামের মাদক করবারী

আরতি দাস (৩০) ও তার স্বামী চয়ন দাস (৩৩) এবং একই এলাকার মাধব দাসের দুই ছেলে সঞ্জয় দাস (২৫) ও জয় দাস (২০) ও মৃত অধির দেবনাথের ছেলে অখিল দেবনাথ (৩৫)।

পুলিশ জানিয়েছে, গতকাল বৃহস্পতিবার রাত ১২ টার দিকে হারদী সেনাবাহিনী ও মুন্সিগঞ্জ ফাঁড়ি পুলিশের একটি দল পশুহাট সংলগ্ন খুদিয়াখালী স্কুলপাড়ার মাদক কারবারী আরতি দাসের বাড়িতে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

অভিযানে চিহ্নিত মাদক কারবারী আরতি দাস, তার স্বামী চয়ন দাস, সঞ্জয় দাস, জয় দাস ও অখিল কুমার দেবনাথকে গ্রেফতার করা হয়। এসময় আরতী দাসের বাড়ি থেকে ২শ’ ১ বোতল বাংলা মদ উদ্বার করে যৌথবাহিনী। তাদের বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মাদক দ্রব্য আইনে মামলা হয়েছে। গ্রেফতারকৃত মাদক কারবারীদের বিরুদ্ধে একাধিক মাদক মামলা রয়েছে।

আলমডাঙ্গা স্ট্যন্ডার্ড ব্যাংকের উদ্যোগে তারুণ্যের উৎসব উৎযাপন

স্ট্যান্ডার্ড ব্যাংকের আলমডাঙ্গা শাখার উদ্যোগে তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে গ্রাহক সেবা পক্ষ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সকাল দশটার দিকে আলমডাঙ্গা সরকারি কলেজ মিলনায়তনে আলোচনা সভায় সভাপতিত্ব করেন, ব্যাংকের শাখা ব্যবস্থাপক আনোয়ার হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সরকারি কলেজের সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ সহকারী অধ্যাপক আব্দুল মোনয়েম। বিশেষ অতিথি ছিলেন, সহকারি অধ্যাপক সাইদুর রহমান, শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক মহিতুর রহমান।

শিক্ষক পরিষদের সহ সম্পাদক ডঃ মাহবুব আলমের সঞ্চালনায় বক্তব্য রাখেন, স্ট্যান্ডার্ড ব্যাংকের পিএলসি আলমডাঙ্গা শাখার বিনিয়োগ

কর্মকর্তা শরিফুল ইসলাম। স্ট্যান্ডার্ড ব্যাংকের ব্যবস্থাপক আনোয়ার হোসেন বলেন, ব্যাংকের মূল লক্ষ্য ছিল যুব সমাজকে ব্যাংকিং সেবা ও তরুণ উদ্যোক্তাদের অর্থায়নের প্রতি উৎসাহিত করা ও ডিজিটাল লেনদেন সম্পর্কে দিকনির্দেশনা প্রদান করা। তারুণ্যের উৎসবের আলোচনা সভায় প্রায় দুই শতাধিক শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

দর্শনা ডি.এস ফাজেল (ডিগ্রী) মাদরাসার সবক প্রদান ও নবীনবরণ অনুষ্ঠান

দর্শনা দারুস সুন্নাত সিদ্দীকিয়া ফাজেল (ডিগ্রী) মাদরাসার গভর্নি বডির সভাপতি ও জেলা জামায়াতের আমীর জননেতা মোঃ রুহুল আমিন বলেছেন- একজন মাদরাসার শিক্ষার্থীদের হবে কুরআনের ঘোষণা অনুযায়ী বাবা-মায়ের চক্ষু শীতলকারী ও গড়ে উঠবে মুত্তাকিদের ইমাম হিসেবে। কারণ একজন মুসলমানের তাহজীব তামাদ্দুন অনুযায়ী সে মুসলমান হিসেবে নিজের পরিচয় দেবার সাথে সমাজের মানুষ তার সর্ম্পকে একটা ভালো ধারনা যেন পায়। সমাজ যেন জানে মুসলমান মানে সে একজন ভালো নামাজি, সে সত্য কথা বলে, সুদ খায়না, ঘুষ খায়না, ব্যাভিচার করেনা, চাঁদাবাজী করেনা বরং সর্বদা মানুষের উপকার করার চেষ্টা করে। এরকম একটা পরিচয় যদি বহন করতে পারি তবেই আমি মুসলমান।

তিনি গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ৯টায় দর্শনা দারুস সুন্নাত সিদ্দীকিয়া ফাজেল (ডিগ্রী) মাদরাসার মিলনায়তনে ২০২৫ সালের আলিম ১ম বর্ষ ও ফাজেল ১ম বর্ষের সবক প্রদান ও নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য প্রদানকালে এ কথা বলেন।

তিনি শিক্ষার্থীদের লেখাপড়ার পাশাপাশি মুত্তাকি অর্থাৎ আল্লাহভীতি অর্জন করার পরামর্শ দেন। কারন যার হৃদয়ে আল্লাহভীতি থাকে, তার হৃদয়ে পৃথিবীর কোন ভয় জায়গা পায়না। একজন ছাত্রকে উত্তম আলেম হতে হলে উত্তম বেশভুষা, উত্তম জ্ঞান, উত্তম আচরনের অধিকারী হতে তবেই তোমাদেরকে দেখে সমাজের মানুষ উদ্বুদ্ধ হবে।

মাদরাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাওলানা শফি উদ্দীন মোল্লার সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন- মাদরাসার গভর্নি বডির সহসভাপতি ও সাবেক দামুড়হুদা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোঃ আব্দুল কাদের, গভর্নি বডির সদস্য ও সাংবাদিক এফ, এ আলমগীর, শিক্ষক প্রতিনিধি মোঃ আবুল হোসেন, গভর্নিং বডির সদস্য মাওলানা শাহ আলম, মোঃ মনির হোসেন, দর্শনা সাংবাদিক সমিতির সেক্রেটারী মোঃ মাসুম বিল্লাহ, মোঃ আবু সাঈদ প্রমুখ। পরে সবক প্রদান ও দোয়া পরিচালনা করেন প্রবীণ আলেম ও দর্শনা পৌর ইমাম সমিতির সভাপতি মাওলানা নূরুল ইসলাম।